

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৬/২০১৪

অভিযোগকারী : জনাব আবুল কাশেম আল আছাদ (ফয়সল)

পিতা-মৃত আব্দুস সোবহান

৩৯৩, জল্লারপাড় (প্রধান সড়ক)

পোস্ট ও থানা-সদর সিলেট

জেলা-সিলেট ৩১০০।

প্রতিপক্ষ : জনাব নুরুল আলম

সহকারী ওয়াক্ফ প্রশাসক

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

ওয়াক্ফ ভবন, ৪, নিউ ইস্কাটন রোড

ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৬-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব আবুল কাশেম আল আছাদ (ফয়সল) ২৩-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের সহকারী ওয়াক্ফ প্রশাসক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নুরুল আলম বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসক, ঢাকা অফিসে (আদালতে) রক্ষিত ই,সি নং ১৫৫০৯ (হাজী আব্দুর রহমান ওয়াক্ফ এস্টেইট) সংক্রান্ত হাজী আঃ ছালাম কর্তৃক দাখিলীয় বিগত ০৮-০১-১৯৭৫ ইং তারিখযুক্ত ওয়াক্ফ অধ্যাদেশের ৪৭ ধারার বিধানে ওয়াক্ফ এস্টেইট (তর্কিতভাবে) তালিকাভুক্তি সংক্রান্ত আবেদন ও পৃথকভাবে দাখিলীয় সাধারণ দরখাস্ত ও আদেশ এর অনুলিপি লিখিত (ছাপানো)ও ফটোকপি।

০২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) রেজিস্ট্রি ডাকযোগে প্রেরিত আবেদনটি প্রত্যাখ্যান করায় অভিযোগকারী আপীল আবেদন না করেই সরাসরি তথ্য কমিশনে ০১-০৬-২০১৪ তারিখে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৬-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব আবুল কাশেম আল আছাদ ও প্রতিপক্ষ বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের সহকারী ওয়াক্ফ প্রশাসক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নুরুল আলম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৪। বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের সহকারী ওয়াক্ফ প্রশাসক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, তার কার্যালয়ে যে তথ্য সংরক্ষিত ছিল তা অভিযোগকারীকে সরবরাহ করেছেন। কিন্তু ই,সি নং ১৫৫০৯ (হাজী আব্দুর রহমান ওয়াক্ফ এস্টেইট) এর ১ম খন্ড তার কার্যালয়ে সংরক্ষিত নেই।

(অ:প্:দ্র:)

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার কার্যালয়ে সংরক্ষিত তথ্য অভিযোগকারীকে সরবরাহ করেছেন। ই,সি নং ১৫৫০৯ (হাজী আব্দুর রহমান ওয়াক্ফ এস্টেট) এর ১ম খন্ড দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর কার্যালয়ে সংরক্ষিত নেই তা অভিযোগকারীকে জানিয়ে দেয়ার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২৪-০৭-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীর প্রার্থিত তথ্য তার কার্যালয়ে সংরক্ষিত থাকলে তা প্রদান করার এবং সংরক্ষিত না থাকলে তা অভিযোগকারীকে জানিয়ে দেয়ার জন্য বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের সহকারী ওয়াক্ফ প্রশাসক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(মোহাম্মদ ফারুক)

প্রধান তথ্য কমিশনার